

## ফি ছাড়াই এমিরেটসের বুকিং পরিবর্তন সময়সীমা বৃদ্ধি

- A Monitor Desk Report

Date: 29 August, 2021



দুবাইঃ বিনা ফিতে আগামী ৩১ মে ২০২২ পর্যন্ত ভ্রমণ তারিখ পরিবর্তনের সুযোগ দিচ্ছে এমিরেটস। অতিমারি শুরুর পর ২০২০ সালের মার্চ থেকে বিনা ফিতে ২০ লক্ষাধিক যাত্রী ভ্রমণ তারিখ বা গন্তব্য পরিবর্তন বা ভবিষ্যৎ ভ্রমণের জন্য টিকেটের বিনিময়ে ভাউচার গ্রহণের সুযোগ দিয়েছে এয়ারলাইনটি। এর মধ্যে ৯২,০০০ এর অধিক যাত্রী টিকেটের বিনিময়ে ট্র্যাভেল ভাউচার নিয়েছেন এবং ৩৮,০০০ এর বেশী ভাউচারের বিনিময়ে নতুন টিকেট নিয়ে ইতোমধ্যে ভ্রমণ করেছেন বা ভ্রমণের পরিকল্পনা করছেন। ইতোপূর্বে এমিরেটস ইস্যুকৃত টিকেটের বৈধতা ২৪ মাসেরও বেশী সময় পর্যন্ত বৃদ্ধি করে।

এ ছাড়াও এমিরেটস অদ্যাবধি ৩৩ লক্ষাধিক রিফান্ড আপত্তি নিষ্পত্তি করেছে। আকাশ ভ্রমণে যাত্রীদের আস্থা ফিরিয়ে আনতে এয়ারলাইনটি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে, যার মধ্যে ২০২০ সালের ডিসেম্বরে প্রবর্তিত মাল্টি-রিস্ক ট্র্যাভেল বীমা বিশেষভাবে উল্লেখযোগ্য।